

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ অফিসারের কার্যালয়
রায়পুরা, নরসিংদী।

স্মারক নং-৩৩.০১.৬৮৬৪.০০০.০০০.১৯-৬৬১


তারিখঃ ৩১/০৭/২০১৯ খ্রিঃ

নোটিশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক লাইভস্টক এন্ড ডেইরী ডেভেলপমেন্ট প্রজেক্ট (এলডিডিপি) এর কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ইউনিয়ন পর্যায়ে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা এবং সংশ্লিষ্ট ইউনিয়নের প্রাণিসম্পদ খামারীদের প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য রায়পুরা উপজেলার মির্জাচর ও চাঁনপুর ইউনিয়ন ব্যতিত অন্যান্য ইউনিয়নে ১ (এক) জন করে ২২ জন এবং পৌরসভায় ১ (এক) জনসহ সর্বমোট ২৩ (তেইশ) জন লাইভস্টক সার্ভিস প্রোভাইডার Livestock Service Provider (LSP) নির্বাচন করা হবে। নিম্নোক্ত ক্রাইটেরিয়ার ভিত্তিতে যোগ্য প্রার্থীদের নিকট থেকে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা ইত্যাদি তথ্যাদি সম্বলিত স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আগ্রহীদের আগামী ২০ আগষ্ট ২০১৯ তারিখের মধ্যে "প্রকল্প পরিচালক, প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা" এর বরাবর লিখিত দরখাস্ত নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত অনুলিপি সহ জমাদানের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণ প্রকল্প চলাকালীন প্রতিমাসে সর্বোচ্চ ৫,০০০ (পাঁচ হাজার) টাকা করে ইনসেন্টিভ পাবেন।

আবেদনকারীর যোগ্যতা ও অভিজ্ঞতাঃ

- ১। সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২। আবেদনকারীর বয়স ২৫-৪৫ বছরের মধ্যে হতে হবে।
- ৩। পুরুষ বা নারী উভয়েই এলএসপি হিসাবে আবেদন করতে পারবে।
- ৪। ক্ষুদ্র ও প্রান্তিক খামারীদের অগ্রাধিকার দেয়া হবে।
- ৫। শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি/সমমান পাশ হতে হবে। বাংলা পড়ায় ও লিখায় দক্ষ হতে হবে।
- ৬। প্রাণিসম্পদ বিষয়ে ডিএলএস বা যুব উন্নয়ন কেন্দ্র বা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ প্রাপ্ত ও প্রাণিসম্পদ সেবা বা লালন পালন কাজে অভিজ্ঞতা থাকতে হবে।
- ৭। কর্মঠ, স্ব-উদ্যোগী ও নেতৃত্ব প্রদানের গুণাবলী থাকতে হবে।
- ৮। অন্য কোন প্রতিষ্ঠানে পূর্ণকালীন কর্মরতদের এবং/অথবা প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রশিক্ষিত এআই টেকনিসিয়ান ও এনএটিপি এর সীলদের আবেদন করার প্রয়োজন নাই।


(মোহাম্মদ মজিবুর রহমান)
উপজেলা প্রাণিসম্পদ অফিসার,
রায়পুরা, নরসিংদী।
মোবাইল-০১৭৭৭-৪৫৫১১২

বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলোঃ

- ১। উপজেলা নির্বাহী অফিসার, রায়পুরা, নরসিংদী।
- ২। উপজেলা কৃষি অফিসার, রায়পুরা, নরসিংদী।
- ৩। উপজেলা যুব উন্নয়ন অফিসার, রায়পুরা, নরসিংদী।

অনুলিপিঃ

- ১। নোটিশ বোর্ড
- ২। অফিস কপি